

আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্ব-প্রধানের সাথে ভারুয়াল সাক্ষাতের সৌভাগ্য লাভ করলো মজলিস খোদামুল আহমদীয়া ইন্দোনেশিয়া



হুযূর আকদাসের সঙ্গে মজলিস খোদামুল আহমদীয়ার ন্যাশনাল আমেলা (জাতীয় কার্যনির্বাহী পরিষদ)-এর আনুষ্ঠানিক সভা

১৮ এপ্রিল ২০২১ মজলিস খোদামুল আহমদীয়া (১৫-৪০ বছর বয়সী আহমদী তরুণ-যুবকদের অঙ্গ-সংগঠন) ইন্দোনেশিয়ার ন্যাশনাল মজলিসে আমেলা (জাতীয় কার্যনির্বাহী পরিষদ) সদস্যদের সঙ্গে এক ভারুয়াল (অনলাইন) সভা করেন আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্ব-প্রধান ও পঞ্চম খলীফাতুল মসীহ হযরত মির্যা মসরুর আহমদ (আই.)।

হুযূর আকদাস টিলফোর্ডের ইসলামাবাদে তাঁর কার্যালয় থেকে এ সভার সভাপতিত্ব করেন, আর আমেলা সদস্যগণ জাকার্তার আল-হিদায়া মসজিদ কমপ্লেক্সে অবস্থিত আর-রহমত হল থেকে অনলাইনে যোগদান করেন।

৭৫ মিনিটের এই সভায়, উপস্থিত সকলেই হুযূর আকদাসের সঙ্গে কথা বলার সুযোগ লাভ করেন আর ন্যাশনাল মজলিসে আমেলার সদস্যগণ নিজ নিজ বিভাগের রিপোর্ট পেশ করার এবং বিভিন্ন বিষয়ে হুযূর আকদাসের পরামর্শ ও দিকনির্দেশনা লাভের সুযোগ পান।

সভায় হুযূর আকদাস খোদামুল সদস্যদের মাঝে শক্তিশালী ভ্রাতৃত্ব বন্ধন গড়ে তোলার জন্য নিয়মিত সাধারণ সভা আয়োজনের গুরুত্বের ওপর জোর দেন।

হুযূর আকদাস তবলীগের (প্রচার) কাজের গুরুত্বের ওপর জোর দেন এবং বলেন যে, আমেলা সদস্যদের নিজেরা তবলীগের কাজে অংশ নিয়ে দৃষ্টান্ত স্থাপন করার মাধ্যমে নেতৃত্ব দেওয়া উচিত, আর তবলীগ বিভাগের পক্ষ থেকে তাদের ওপরও লক্ষ্যমাত্রা ধার্য করা উচিত।



হুযূর আকদাস আরো বলেন যে, খোদাম সদস্যদের নিয়মিত পবিত্র কুরআন তেলাওয়াতের বিষয়ে উৎসাহিত করা উচিত, বিশেষ করে রমযান মাসে।

মজলিস খোদামুল আহমদীয়ার সদস্যদের, (আহমদীয়া মুসলিম জামা'তের) বাইরে প্রকাশিত হয় এমন প্রবন্ধ লেখার প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করে হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“আপনাদের সদস্যদেরকে ইসলামের শিক্ষা বা বিজ্ঞানের কোন বিষয় সম্পর্কে প্রবন্ধ বা গবেষণা প্রবন্ধ অন্যান্য ধর্মনিরপেক্ষ পত্রপত্রিকা ও সাময়িকীতে প্রকাশ করতে বলুন। এভাবে আপনারা অন্যদের কাছে আহমদীয়া মুসলিম জামা'তকে পরিচিত করে তুলতে পারবেন।”

নিঃস্বার্থভাবে মানবতার সেবা করার জন্য অধিকতর প্রয়াসের প্রয়োজনীয়তার উপর আলোকপাত করে হুযূর আকদাস বলেন যে, মজলিস খোদামুল আহমদীয়া ইন্দোনেশিয়ার উচিত তাদের রক্তদান কর্মসূচিকে আরো সম্প্রসারিত করা।

হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“দেশের বিভিন্ন প্রান্তে রক্তদাতার সংখ্যা বৃদ্ধি করার জন্য আপনাদের চেষ্টা করা উচিত। ... ধর্ম ও গোত্রের কোন ধরনের বৈষম্য ছাড়াই আপনাদের দেশের দরিদ্র শ্রেণীর মানুষদেরকে সহায়তা করুন। এমনকি এ প্রয়াস গ্রহণ করুন যেন আপনাদের (মানবসেবামূলক) সহায়তা ইন্দোনেশিয়ার গণ্ডি পেরিয়ে কিছু আফ্রিকান দেশ পর্যন্তও পৌঁছে যায়।”



মোহতামীম ইশায়াতের (ন্যাশনাল সেক্রেটারি প্রকাশনা) সাথে কথা বলতে গিয়ে হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“মুদ্রিত অথবা অনলাইনে প্রকাশিত খোন্দামুল আহমদীয়ার একটি পত্রিকা থাকা উচিত ... বছরে এর অন্তত চারটি সংখ্যা প্রকাশিত হওয়া উচিত, আর এটি প্রত্যেক সদস্যের কাছে পৌঁছানো উচিত, যেন তারা অবহিত হতে পারেন যে, মজলিস খোন্দামুল আহমদীয়া কী এবং এর দায়িত্ব ও কর্তব্য কী কী। এটি তাদের জ্ঞানের বৃদ্ধির কারণ হওয়া উচিত। ... সুতরাং, নতুন একটি পত্রিকা চালু করুন। আর পত্রিকাটির নাম দিন ‘তারিক’।”

হযুর আকদাস ছাত্র বিষয়ক কর্মকাণ্ডের দায়িত্বে নিয়োজিত মোহতামীমকে (সেক্রেটারি) উৎসাহ প্রদান করেন, যেন আরো বেশি ছাত্রদের চিকিৎসাবিজ্ঞান পড়তে উৎসাহিত করা হয়; কেননা আহমদীয়া মুসলিম জামা'তের প্রতিষ্ঠিত হাসপাতালগুলোতে চিকিৎসকদের গুরুতর চাহিদা রয়েছে।